

চবিতে ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষে সহকারী প্রক্টরসহ আহত ৯

নিজস্ব প্রতিবেদক

৭ জানুয়ারি ২০২৩ ০২:২৯ পিএম | আপডেট: ৭ জানুয়ারি ২০২৩

০২:৩০ পিএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। পুরনো ছবি

advertisement

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে সহকারী প্রক্টর শহিদুল ইসলাম ও উভয়পক্ষের ৮ জন নেতাকর্মী আহত হয়েছেন। গতকাল শুক্রবার দিনগত রাত ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলের সামনের সড়কে সিঙ্কেটি নাইন ও ভাসিটি এক্সপ্রেস গ্রুপের মধ্যে এ সংঘর্ষ শুরু হয়, যা চলে রাত ১টা পর্যন্ত।

বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রে কর্মরত ডা. খোন্দকার মো. আতাউল গণি বলেন, ‘সংঘর্ষে আহত সহকারী প্রক্টর শহীদুল ইসলামের চোখের পাশে ইটের আঘাত লেগেছে। তাকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এ ছাড়া আহত আরও কয়েকজন চিকিৎসা নিয়েছে। একজনের মাথায় জখম হওয়ায় তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে পাঠানো হয়েছে।

এর আগে শাটল ট্রেনের আসনে বসা নিয়ে তর্কাতক্রির পর বৃহস্পতিবার রাতে সংঘর্ষে জড়ায় দুই পক্ষের নেতাকর্মীরা।

advertisement

ভার্সিটি এক্সপ্রেস গ্রুপের নেতা ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহ-সভাপতি প্রদীপ চক্রবর্তী বলেন, ‘সিঞ্চাটি নাইন গ্রুপের কর্মীরা আমাদের ওপর ইটপাটকেল ছুড়েছে। পাল্টা জবাব দিয়ে তাদের প্রতিহত করা হয়েছে।’

advertisement 4

অপরদিকে সিঞ্চাটি নাইন গ্রুপের নেতা ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইকবাল হোসেনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তার সাড়া পাওয়া যায়নি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর অরুণ বড়ুয়া বলেন, ‘ক্যাম্পাসের পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে। দুই পক্ষের নেতাকর্মীদের সঙ্গে আলোচনা চলছে।’